গোয়াইনঘাট প্রবাসী সমাজকল্যাণ পরিষদের কেন্দ্রীয় নির্বাচন সম্পন্ন

নিজস্ব প্রতিবেদক: সিলেটের গোয়াইনঘাট উপজেলার প্রবাসে অবস্থানরতদের অনলাইন ভিত্তিক সংগঠন গোয়াইনঘাট প্রবাসী সমাজ কল্যান পরিষদের ত্রি বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে।গত ৩০ নভেম্বর বাংলাদেশ সময় সকাল ১০টা থেকে রাত ১২ টা পর্যনত সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতির এ নির্বাচনে সভাপতি পদে নিয়াজ মুর্শেদ, সাধারণ সম্পাদক মোহাম্মদ মিছবাহ্ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক পদে সায়েম আহমেদ শাহীন, অর্থ ও পরিকল্পনা সম্পাদক আব্দুল ওয়ারিস এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক মিজানুর রহমান নির্বাচিত হয়েছেন। বিশ্বের বিভিন্ন শাখার সভাপতি,সাধারণ সম্পাদক এবং সাংগঠনিক সম্পাদকের অনলাইন নির্বাচনে এই পাঁচ পদে মোট ১১জন প্রার্থী প্রতিদ্বন্ধীতা করেন এবং শতভাগ ভোট কাস্ট হয় । নির্বাচন কমিশনের প্রধান উপদেষ্টা আমেরিকা প্রবাসী আব্দুল লতিফ বাবুল, প্রধান নির্বাচন কমিশনার সৌদি আরব প্রবাসী আব্দুল আহাদ মনির, সদস্য সচিব দুবাই প্রবাসী নজরুল ইসলাম, কমিশন সদস্য যুক্তরাজ্য প্রবাসী মোহাম্মদ ইউসুফ এবং যুক্তরাজ্য প্রবাসী কাউন্সিলর আব্দুল মুবিনের সরাসরি তত্ত্বাবধানে অনুষ্ঠিত নির্বাচন অনুষ্ঠিত হয় । সভাপতি পদে নিয়াজ মুর্শেদের সাথে ওমান প্রবাসী এনামুল হক চৌধুরী, সাধারণ সম্পাদক পদে মিছবাহ্ উদ্দিনের সাথে দুবাই প্রবাসী আক্তারুজ্জামান, সাংগঠনিক সম্পাদক পদে এস.এ. শাহীনের সাথে জাহেদ আহমদ ও বুরহান উদ্দিন, অর্থ ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক পদে আব্দুল ওয়ারিসের সাথে বদরুল ইসলাম, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে মিজানুর রহমানের সাথে নাজমুল ইসলাম প্রতিদ্বন্ধীতা করেন । নির্বাচন শেষে প্রাপ্ত ফলাফলের উপর সকল প্রার্থীর সন্তুষ্টি থাকায় সাথে সাথে প্রধান নির্বাচন কমিশনার আব্দুল আহাদ মনির অনলাইনে ফলাফল প্রকাশ করেন।৷ গোয়াইনঘাট প্রবাসী সমাজ কল্যান পরিষদের নব নির্বাচিত নেতৃবৃন্দকে শুভেচছা ও অভিনন্দন জানিয়েছেন দেশীয় সমন্বয় কমিটির পক্ষে আবদুল আহাদ বাবুল, আমিনুর রশিদ শামীম, আব্দুস সামাদ মেম্বার, জইন উদদীন বাচ্ছু, কামাল উদদীন আহমেদ, আফাজ উদদীন,কামরুল আহমদ, দেলোয়ার হোসেন, ইদ্রিস আলী,নোমান আহমদ, শামসুজ্জামান জামান,প্রভাষক তাজ উদদিন,প্রভাষক লুৎফুর রহমান,

মাহবুব আহমদ চেয়ারম্যান, সাংবাদিক আবদুল মালিক,মিনহাজ উদদীন, ইমদাদুল হক ইমরান,আলী হোসেন,এডভোকেট লিয়াকত আলী, এডভোকেট নুর আহমদ প্রমুখ।